মুজিবনগরে গলায় ওড়না পেঁচিয়ে গৃহবধুর আত্ম*হত্যা

মেহেরপুরের মুজিবনগর উপজেলাধীন বাগোয়ান গ্রামে গলায় ওড়না পেঁচিয়ে চামিলী খাতুন (১৯) নামে এক গৃহবধূ আত্মহত্যা করেছে।

বৃহস্পতিবার দুপুরে উপজেলার বাগোয়ান ইউনিয়নের বাগোয়ান গ্রামের তার শ্বশুর বাড়িতে এ ঘটনা ঘটে। চামিলী মেহেরপুর জেলার সদর উপজেলাধীন মেহেরপুর পৌর গৌরস্থান পাড়ার শাহ নেওয়াজ এর মেয়ে।

পারিবারিক সূত্রে জানা গেছে, বৃহস্পতিবার দুপুরে চামিলী শ্বশুড় বাড়িতে নিজ ঘরে দরজা বন্ধ করে ঘরের আড়ার সঙ্গে গলায় ওড়না পেঁচিয়ে আত্মহত্যা করে। এর আগে চামিলী পারিবারিক কলহের কারনে তার বাবার বাড়িতে চলে গেলে চামিলীর শ্বশুর চামিলীকে গত ১ মাস আগে বাগোয়ান গ্রামে নিয়ে আসে। এদিকে আজ সকালে চামিলী তার স্বামীর সঙ্গে কথাকাটা কাটি ও একটু ঝামেলা হয়েছিল এবং দুপুর দিকে সে নিজ ঘরে গলাই ফাঁস দিয়ে ঝুলন্ত অবস্থায় ছিল। চামিলীর শ্বশুর আনছারুল শেখ প্রথমে ঝুলন্ত অবস্থায় দেখে চামিলীকে উদ্বার করে এবং মুজিবনগর স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে আসে। মুজিবনগর স্বাস্থ্য কমপ্লেক্সের কর্তব্যরত চিকিৎসক চামিলীকে মৃত ঘোষণা করেন। নিহত চামিলীর নয় মাসের একটি ছেলে সন্তান আছে।

জেলা সার্কেল এসপি আজমল ও মুজিবনগর থানার অফিসার ইনচার্জ (ওসি) মেহেদী রাসেল সরেজমিনে তদন্ত করেন এবং আত্নহত্যা নিশ্চিত না করতে পারাই নিহত চামিলীর লাশ ময়না তদন্তের জন্য মেহেরপুর মর্গে পাঠানো হয়।

বাগোয়ান ইউপির ৫ নং ওয়ার্ডের ইউপি সদস্য আব্দুর রকিব ঘটনার সত্যতা নিশ্চিত করে জানান, প্রায় দেড় বছর আগে মেহেরপুর সদর উপজেলার মেহেরপুর পৌর গৌরস্থান পাড়ার শাহ নেওয়াজের মেয়ের সাথে বাগোয়ান গ্রামের আনছারুল শেখ এর ছেলে রাব্বিল এর সঙ্গে চামিলীর বিয়ে হয়।আত্মহত্যার সঠিক কারণ বলতে পারবনা।

মুজিবনগর থানার ওসি মেহেদী রাসেল ঘটনার সত্যতা নিশ্চিত করে বলেন, ঘটনার সঠিক কারণ জানার জন্য লাশ ময়না তদন্তের জন্য মেহেরপুর মর্গে পাঠানো হয়েছে। ময়না তদন্তের রিপোর্ট দেখে নিশ্চিত করা যাবে ঘটনাটি আত্নহত্যা নাকি হত্যা ।